গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর-৩৮.০১.০০০০.১০৭.১৮.০০৩.২২.৫২৮

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৯ / ১৩ মার্চ ২০২৩

বিষয়: **দেশের সকল পর্যায়ে 'স্মার্ট বাংলাদেশ' ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: ১২ মার্চ ২০২৩ তারিখের ৩৮.০০.০০০০.০০২.৯৯.০০৬.২১.৩২৬ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে দেশের সকল পর্যায়ে **'স্মার্ট বাংলাদেশ'** ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্রের মর্মানুযায়ী বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০৭ (সাত) পাতা

১৩/০৩/২৩


মোহাম্মদ নজরুল ইসলাম
সহকারী পরিচালক (সা. প্র.)
ফোনঃ ৫৫০৭৪৯১৭
ই-মেইল: adgeneraldpe@gmail.com.


বিতরণ:

১. পরিচালক/প্রকল্প পরিচালক (সকল).......... প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ................................ বিভাগ (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট (সকল) ............................ (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
৪. উপজেলা/থানা শিক্ষা অফিসার/উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল) ... ............................ (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে-কে অবহিত করার অনুরোধসহ)।

অনুলিপি:

১. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি ৪) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mopme.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০২.৯৯.০০৬.২১.৩২৬

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯
১২ মার্চ ২০২৩

বিষয়: **দেশের সকল পর্যায়ে 'স্মার্ট বাংলাদেশ' ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮৩১.১৬.০০১.২০.৩২, তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত বিবেচ্যপত্রটি এতদসংগে প্রেরণ করা হলো। পত্রে উল্লিখিত সিদ্ধান্তটি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

BBegum
১২-৩-২০২৩

ড. বিলকিস বেগম
উপসচিব
ফোন: ৫৫১০০৯২৮
ইমেইল: dsad2@mopme.gov.bd

বিতরণ :
১) মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২) অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৪) মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৫) মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৬) পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা-১২১৬।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সাধারণ প্রশাসন শাখা
- ☐ মি./মিজ মহিউদ্দিন S.O
- ☐ " /রোখসানা E.O
- ☐ " /আজহার E.O
- ☐ " /আফরোজা E.O
- ☐ " /মাজেদা Ins.
- ☐ " /কানিজ R.O
- ☐ " /শরীফ E.O
- ☐ " /মাহবুব E.O
- ☐ " ..................

সহকারী পরিচালক (সা.প্র)

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০২.৯৯.০০৬.২১.৩২৬/১(৪)

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯
১২ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২-৩-২০২৩
ড. বিলকিস বেগম
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-১ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.১৬.০০১.২০.৩২

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৯
২৩ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **দেশের সকল পর্যায়ে 'স্মার্ট বাংলাদেশ' ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, গত ১৩ নভেম্বর ২০২২ তারিখ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটি'র ১ম সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ এ বিভাগে প্রেরণ করা হয়েছে। সিদ্ধান্তটি নিম্নরূপ:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.২ | দেশের সকল পর্যায়ে 'স্মার্ট বাংলাদেশ' ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক |

২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্তটি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটি'র ১ম সভার কার্যবিবরণী

২৩-২-২০২৩
তৌহিদুল ইসলাম
যুগ্মসচিব
ফোন: ০২২২৩৩৫৮৭৫৩
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল: eg_sec1@cabinet.gov.bd

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) সিনিয়র সচিব/সচিব (সকল) মন্ত্রণালয়/বিভাগ
২) বিভাগীয় কমিশনার (সকল)
৩) জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.১৬.০০১.২০.৩২/১(২)

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৯
২৩ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) যুগ্মসচিব (সংযুক্ত), ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
২) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ

২৩-২-২০২৩

তৌহিদুল ইসলাম
যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

**'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটির' ১ম সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : ড. আহমদ কায়কাউস, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব |
| সভার স্থান | : প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভাকক্ষ (২য় তলা) |
| তারিখ ও সময় | : ১৩/১১/২০২২, বিকাল ০৩:০০ ঘটিকা |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার কর্তৃক ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়িত হওয়ায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও বলেন যে, ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের ফলে দেশের সকল পর্যায়ের জনগণ এর সুফল ভোগ করছে এবং মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন হওয়ায় একটি অনুষ্ঠান আয়োজনের উপর গুরুত্বারোপ করেন। এরই ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত স্মার্ট বাংলাদেশ ভিশন ২০৪১ প্রতিষ্ঠা এবং উন্নত বাংলাদেশ বিনির্মাণে আরও আন্তরিকতার সাথে পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর তিনি সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে বক্তব্য প্রদানের অনুরোধ জানান। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ জানান যে, ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে ৪টি পিলার-এর আওতায় কার্যক্রম পরিচালনা করা হয়েছে। প্রতিটি ক্ষেত্রে উল্লেখযোগ্যভাবে অগ্রগতি সাধিত হয়েছে এবং দেশে ও আন্তর্জাতিকভাবে এ সকল উন্নয়ন কর্মকান্ড সমাদৃত ও পুরস্কৃত হয়েছে। তিনি আরও জানান স্মার্ট বাংলাদেশ ভিশন ২০৪১ প্রতিষ্ঠা এবং উন্নত বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট বাংলাদেশ রোডম্যাপ প্রণয়ন করা হয়েছে। স্মার্ট বাংলাদেশ রোডম্যাপ-এ ৪টি পিলার যথাক্রমে স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট ইকোনমি ও স্মার্ট গভর্নেন্স অন্তর্ভুক্ত করে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তিনি স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে নির্বাহী কমিটির দিক-নির্দেশনা এবং সকলের সহযোগিতা কামনা করেন।

০২। অতঃপর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের যুগ্মসচিব জনাব মোঃ আবদুস সাত্তার সরকার সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় ১২তম সভার কার্যবিবরণী দৃঢ়করণের প্রস্তাব উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। সভায় ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স-এর নির্বাহী কমিটির ১২তম সভা এবং মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ০৭ এপ্রিল ২০২২ তারিখ অনুষ্ঠিত ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স-এর ৩য় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়।

০৩। সভায় সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী ২০০৯ সালে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে যে ভিশন ২০২১ ঘোষণা করেছিলেন সেটি দেশের সকল পর্যায়ে ব্যাপক সমাদৃত এবং দেশের সর্বস্তরের জনগণের অবগতির জন্য মাঠ পর্যায় পর্যন্ত নানা ধরণের প্রচার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। একইভাবে স্মার্ট বাংলাদেশ ভিশন ২০৪১ প্রতিষ্ঠা এবং উন্নত বাংলাদেশ বিনির্মাণের কার্যক্রম ব্যাপকভাবে প্রচারের জন্য পরামর্শ প্রদান করা হয়। সভাপতি বলেন, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ও মাঠ পর্যায়ের জাতীয় ওয়েব পোর্টাল হালনাগাদকরণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রকল্প নিয়মিতভাবে মনিটরিং কার্যক্রম পরিচালনা করতে পারে। তিনি জাতীয় ওয়েব পোর্টাল আধুনিকায়নের কার্যক্রম ত্বরান্বিত করার উপর গুরুত্বারোপ করেন। সভায় পিএসিসির সফটওয়্যার আধুনিকায়নের অগ্রগতি উপস্থাপন করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জানান, 'সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি' নামক একটি কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। সরকারি কর্মচারীদের চাকুরি জীবনের সকল বিষয় অন্তর্ভুক্ত করে ডিজিটাইজেশনের লক্ষ্যে ২০টি মডিউল চিহ্নিত করা হয়েছে। জুন ২০২৩-এর মধ্যে প্রশিক্ষণ এবং পাইলটিং-এর কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে। এটি বাস্তবায়ন হলে সরকারি কর্মচারীদের চাকুরি জীবনের সকল

তথ্য-উপাত্ত অনলাইনের মাধ্যমে জানা এবং সিদ্ধান্ত গ্রহণ সহজ হবে। এছাড়া তিনি 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটি'-তে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অন্তর্ভুক্ত করার অনুরোধ জানান। সভাপতি পিএমআইএস-এর তথ্য জানার ক্ষেত্রে ব্যক্তি নির্ভরশীলতা কমানোর পরামর্শ প্রদান করেন।

০৪। সভায় বৈঠক প্ল্যাটফর্ম-এর আধুনিকায়ন ও এর ব্যবহারের বিষয়ে তথ্য উপস্থাপন করা হয়। বৈঠক প্ল্যাটফর্ম ব্যবহারের জন্য ০৫টি ইউজার আইডি ও পাসওয়ার্ড ইউজিসিকে সরবরাহ করা হয়েছে এবং একই সাথে অংশগ্রহণকারীর সংখ্যা ২০০ জনে উন্নীত করা হয়েছে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব বলেন, ভোকেশনাল প্রশিক্ষণ কেন্দ্রসমূহে জুম প্ল্যাটফর্ম ব্যবহার করে প্রশিক্ষণ প্রদান করা হয়। এক্ষেত্রে বৈঠক প্ল্যাটফর্ম ব্যবহার করতে পারলে জুম নির্ভরশীলতা অনেকাংশে কমে আসবে। তিনি বৈঠক প্ল্যাটফর্ম ব্যবহারের আগ্রহ প্রকাশ করেন।

০৫। চেয়ারম্যান, বিটিআরসি জানান যে, স্মার্ট বাংলাদেশের ০৪টি পিলার, যথা- স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট ইকোনমি ও স্মার্ট গভর্নেন্স-এর সাথে সংশ্লিষ্ট দক্ষ জনবল তৈরির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম আধুনিকায়ন করা প্রয়োজন। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বলেন যে, দক্ষ উদ্যোক্তা তৈরির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের কারিকুলামে AI, Digital Security, 4IR, Big Data, Block Chain, Robotics ও IoT ইত্যাদি অন্তর্ভুক্ত করে বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম যুগোপযোগী করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। সভায় ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এবং ব্যবস্থাপনা পরিচালক, স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড বর্তমানে বাংলাদেশে স্টার্টআপ উন্নয়নে সরকারের গৃহীত পদক্ষেপসমূহ তুলে ধরেন। বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট জানান বুয়েটে স্টার্টআপ প্রতিষ্ঠান গড়ে তোলা এবং বিজনেস ইনকিউবেশনের জন্য যথেষ্ঠ দক্ষ রিসোর্স রয়েছে। তিনি দেশের স্টার্টআপ এবং বিজনেস ইনকিউবেশন কার্যক্রমে বুয়েটকে সম্পৃক্ত করার অনুরোধ জানান। মহাপরিচালক, আইসিটি অধিদপ্তর জানান যে ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প হতে ৭১টি বিশ্ববিদ্যালয়ে বিশেষায়িত ল্যাব স্থাপন করা হবে এবং এ বিষয়ে বিশ্ববিদ্যালয় হতে আবেদন আহ্বান করা হয়েছে। সভায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতায় স্থাপিত ইনকিউবেশন সেন্টারের সাথে সম্পৃক্ত স্টার্টআপ কার্যক্রম পরিচালনায় একটি বিজনেস মডেল প্রণয়নের উপর গুরুত্বারোপ করা হয়।

০৬। সভায় সচিব, ডাক ও টেলিযোগাযোগ জানান যে, বিটিআরসির SOF (Social Obligation Fund) হতে দুর্গম অঞ্চলে ইন্টারনেট সংযোগ স্থাপনে বিভিন্ন প্রতিষ্ঠানে ভি-সেট স্থাপন করা হয়। কিন্তু সেগুলো সঠিকভাবে সংরক্ষণের অভাবে অকেজো হয়ে যাচ্ছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে এসকল ডিভাইস সংরক্ষণ ও মেরামতের ব্যবস্থা গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করেন। সভাপতি, বেসিস জানান আইটি/আইটিইএস সেক্টরে রপ্তানির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বাংলাদেশের আইসিটি কার্যক্রমকে বহির্বিশ্বে ব্র্যান্ডিং করা প্রয়োজন। বহির্বিশ্বে আইটি/আইটিএস সেক্টরে কাজের যে বিশাল সুযোগ রয়েছে সে সুযোগ কাজে লাগানো এবং রপ্তানির কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনে এখনই পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। তিনি বহির্বিশ্বে আইসিটি খাতে ব্র্যান্ডিং, প্রয়োজনে লবিস্ট নিয়োগ এবং দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে সমন্বিতভাবে পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করেন। সভায় বহির্বিশ্বে আইসিটি খাতে ব্র্যান্ডিং, প্রয়োজনে লবিস্ট নিয়োগ এবং দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কার্যক্রম সমন্বয়ের জন্য একটি কমিটি গঠনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

০৭। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রম: | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১। | মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে ২০২১ সালের মধ্যে 'ডিজিটাল বাংলাদেশ' সফলভাবে বাস্তবায়ন হওয়ায় এ অর্জনটি একটি অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে দেশব্যাপী উদযাপন করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| ১.২। | দেশের সকল পর্যায়ে 'স্মার্ট বাংলাদেশ' ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক |
| ১.৩। | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ও মাঠ পর্যায়ের জাতীয় ওয়েব পোর্টাল হালনাগাদ কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রকল্প সমন্বিতভাবে মনিটরিং করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রকল্প |
| ১.৪। | দুর্গম অঞ্চলে ইন্টারনেট সংযোগ স্থাপনে SOF (Social Obligation Fund) হতে বিভিন্ন প্রতিষ্ঠানে স্থাপিত ভি-সেটগুলোর সংরক্ষণ ও মেরামতের ব্যয় স্ব-স্ব প্রতিষ্ঠান নির্বাহ করবে। | বিটিআরসি |
| ১.৫। | আগামী ০৬ মাসের মধ্যে পিএসিসি কর্তৃক প্রস্তুতকৃত 'সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS)' সফটওয়্যারটির প্রশিক্ষণ এবং পাইলটিং-এর কার্যক্রম সম্পন্ন করতে হবে। | জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ১.৬। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক স্থাপিত ইনকিউবেশন সেন্টার এবং স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড-এর স্টার্টআপ কার্যক্রম পরিচালনায় সমন্বিতভাবে একটি বিজনেস মডেল প্রণয়ন করতে হবে। বিজনেস মডেল প্রণয়নে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সমন্বয় করবে। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, বিসিসি এবং স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড |
| ১.৭। | বর্হিবিশ্বে আইসিটি খাতে ব্র্যান্ডিং, প্রয়োজনে লবিস্ট নিয়োগ এবং দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কার্যক্রম সমন্বয়ের জন্য ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ-এর নেতৃত্বে একটি কমিটি গঠন করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং আইসিটি এসোসিয়েশনসমূহ |
| ১.৮। | বৈঠক প্ল্যাটফর্মটি পর্যায়ক্রমে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) |
| ১.৯। | স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে প্রয়োজনীয় দক্ষ জনবল গড়ে তোলার জন্য সংশ্লিষ্ট প্রযুক্তিসমূহ, যেমন: AI, Digital Security, 4IR, Big Data, Block Chain, Robotics ও IoT ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের কারিকুলামে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং আইসিটি এসোসিয়েশনসমূহ |
| ১.১০। | আগামীতে ব্লেন্ডেড এডুকেশন মহাপরিকল্পনা বাস্তবায়ন এবং 5G সেবা চালু এবং পরবর্তী সময়ে ২০২৫ সাল নাগাদ ব্যান্ডউইথের চাহিদা বিবেচনায় ৪র্থ সাবমেরিন ক্যাবলে সংযোগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ |

| ক্রম: | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১১। | অধিকতর নিরাপদ ও সিসমিক জোন বিবেচনায় গোপালগঞ্জে একটি আন্তর্জাতিক মানের ডাটা সেন্টার স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানী লিমিটেড এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |
| ১.১২। | International Telecommunication Union (ITU) স্বীকৃত "Telecommunication Conformance Testing Center" স্থাপন ও Testing Regime এবং ন্যাশনাল একাডেমি ফর্ এডভান্সড টেলিকমিউনিকেশন্স রিসার্চ এন্ড ট্রেনিং (NAATRT) প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ |
| ১.১৩। | অন্তর্ভুক্তিমূলক ডিজিটাল সমাজ গড়ে তোলা এবং পিছিয়ে পড়া ও প্রান্তিক জনগোষ্ঠীকে উন্নয়নের মূলধারায় নিয়ে আসার লক্ষ্যে ডিজিটাল ইনক্লুশন ফর ভালনারেবল এক্সেপশন (ডাইভ) উদ্যোগের আওতায় আত্মকর্মসংস্থানভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |
| ১.১৪। | শিক্ষার্থীদের অনলাইন শিক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করতে "ওয়ান স্টুডেন্ট, ওয়ান ল্যাপটপ, ওয়ান ড্রিম"-এর আওতায় শিক্ষার্থীদের ল্যাপটপ সহায়তা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ১.১৫। | ক্ষুদ্র, কুটির, ছোট, মাঝারি ব্যবসাগুলোর জিডিপিতে অবদান বৃদ্ধির লক্ষ্যে এন্টারপ্রাইজভিত্তিক ব্যবসাগুলোকে বিনিয়োগ উপযোগী স্টার্টআপ হিসেবে প্রস্তুত করতে হবে। | শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এবং স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড |
| ১.১৬। | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের আওতায় অল্টারনেটিভ স্কুল ফর স্টার্টআপ এডুকেটরস অব টুমোরো (এসেট) এবং সেন্টার ফর লার্নিং ইনোভেশন এন্ড ক্রিয়েশন অব নলেজ (ক্লিক) প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করতে হবে। | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |
| ১.১৭। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতায় বাংলাদেশ নলেজ ডেভেলপমেন্ট পার্ক নির্মাণ ও পরিচালনা এবং সেলফ-এমপ্লয়মেন্ট ও এন্ট্রেপ্রেনরশীপ ডেভেলপমেন্ট (সীড) প্ল্যাটফর্ম স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ |
| ১.১৮। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় এজেন্সি ফর নলেজ অন এরোনোটিক্যাল অ্যান্ড স্পেস হরাইজন (AKASH)-আকাশ প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করতে হবে। | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| ১.১৯। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় কন্টেন্ট ইঞ্জিনিয়ারিং ও লিংকেজ ল্যাব (সেল) স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ১.২০। | সার্ভিস এগ্রিগেটর ট্রেনিং (স্যাট) মডেলে সরকারি সেবা ও অবকাঠামো-নির্ভর | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |

| ক্রম: | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | উদ্যোক্তা তৈরি করতে হবে। | |
| ১.২১। | সকল ডিজিটাল-সেবাকে কেন্দ্রীয়ভাবে সমন্বিত ক্লাউড-এর আওতায় নিয়ে আসার উদ্যোগ গ্রহণ করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |
| ১.২২। | সরকারের সংস্থাসমূহ পারস্পরিক প্রয়োজনে তাদের মধ্যে ডাটা শেয়ার করবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ দ্রুত এ সংক্রান্ত একটি নীতিমালা প্রণয়ন করবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| ১.২৩। | জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের সেবাসমূহকে অনলাইনের আওতায় আনার উদ্যোগ গ্রহণ করতে হবে। | জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন |
| ১.২৪। | ডিজিটাল বাণিজ্য কর্তৃপক্ষ (DCA) স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | বাণিজ্য মন্ত্রণালয় |
| ১.২৫। | ISP-এর কার্যক্রমকে IT/ITES সেক্টরের অন্তর্ভুক্ত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | জাতীয় রাজস্ব বোর্ড |
| ১.২৬। | 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটি'-তে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগ |

০৮। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

22/১২/২২

( ড. আহমদ কায়কাউস )
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
ও
সভাপতি
স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটি